

কেন্ট চিলড্রেন সেন্টারস্ (Kent Children's Centres)

ওদের জন্য মজা...

...আপনাদের জন্য সহায়তা

কেন্টে প্রত্যেকটি বাচ্চাকে সহায়তা করা জীবনের সর্বোত্তম সূচনার সৃষ্টি করা

“আমি পরিষেবা ও সুবিধাগুলি পেয়ে সন্তুষ্ট। আমার মনে হয় আমার বাচ্চা সুরক্ষিত ও আনন্দিত, কর্মীবৃন্দ সবসময়ই বন্ধুভাবাপন্ন এবং সাহায্যকারী। আমি এই পরিষেবা ব্যবহার করে যেতেই থাকব”

ফোটো দ্বারা উদ্ধৃতি:

“আগের থেকে পরিষেবা এখন আমার অনেক কাছে সেজন্য তাদের কাছে যাওয়া আগের থেকে সহজ হয়েছে”

“কর্মীবৃন্দ ভালো এবং সময় নিয়ে তারা আপনার কথা শোনেন যদি আপনার কোনো সমস্যা হয়। আপনার সব সময়ই মনে হবে যে আপনি সমাদৃত”

চিলড্রেন সেন্টারস্ (children's centres) বলতে কি বোঝায়?

চিলড্রেন সেন্টার আপনার স্থানীয় কমিউনিটিতে বাবা মায়েদের জন্য, সেবকদের জন্য এবং 0-5 বছর বয়সী বাচ্চাদের জন্য পরিষেবা দেয়

সেন্টার স্থানীয় কমিউনিটির চাহিদা পূরণের জন্য নানা ধরনের পরিষেবা দিয়ে থাকে, উদাহরণের মধ্যে আছে :-

- পরিবারের জন্য সহায়তা এবং বাবা মায়েদের জন্য আউটরীচ
- বাবা মা ও বাচ্চাদের জন্য ড্রপ ইন সেশনস
- শিশু সেবা পরিষেবার এবং জাতীয় চাইল্ডমাইন্ডিং এসোসিয়েশনের (National Childminding Association) সঙ্গে যোগাযোগ
- শিশু পরিচর্যা এবং স্কুল শুরু সঙ্ঘর্ষে পরামর্শ এবং সহায়তা
- আন্টি নাটাল (সন্তানজন্মের পূর্ববর্তী সময়) ক্লাস এবং শিশু ক্লিনিক
- স্তন্যপান, বাবা মায়ের কর্তব্যকর্ম, বচন এবং ভাষা সঙ্ঘর্ষে জ্ঞাতব্য তথ্য ও পরামর্শ
- যেসব বাবা মা আবার প্রশিক্ষণ নিতে বা নতুন কোনো চাকরী খোঁজার কথা ভাবছেন তাদের জন্য অনুপ্রেরণা এবং সহায়তা
- যেসব শিশু ও বাচ্চার বিশেষ কোনো অভাব আছে বা বিকলাঙ্গতা আছে তাদের জন্য পরিষেবা
- স্বেচ্ছাসেবক এজেন্সির সঙ্গে যোগাযোগ
- স্থানীয় স্কুলের সঙ্গে যোগাযোগ

লোকেরা কি বলে...

“2 ½ আড়াই বছর বয়সে ডেভিড যখন নার্সারীতে যেতে শুরু করল তখন তার অভাবকে শনাক্ত করা গেল – সে এখন তার আবশ্যিক অতিরিক্ত সাহায্য পায় – ছাত্রবৃত্তি এবং এর আনুষঙ্গিক সাহায্য ছাড়াই সম্ভবতঃ ডেভিড স্কুলে সোজা 5 বছর বয়সেই ভর্তি হয়ে যেতে পারত”

“সহায়তা এবং পরামর্শ সব সময়ই পাওয়া যায়, এমনকি যদি আপনার প্রয়োজন হয় মাত্র এতটুকু মন দিয়ে আপনার কথা কেউ শুনুক এবং এক কাপ চা! বাইরের এজেন্সি ও পরিষেবা পাওয়া যায়। সমস্ত বাচ্চাদের জন্য নানা ধরনের ক্রিয়াকলাপ রয়েছে”

“আমার মেয়ে চিলড্রেন্স সেন্টারে আসতে ভালোবাসে এবং আমরা সবাই একে অন্যকে সহায়তা করি”

আমার সবচেয়ে কাছের চিলড্রেন্স সেন্টারটা কোথায়?

যদি আপনি সুনিশ্চিত না থাকেন কোথায় আপনার স্থানীয় চিলড্রেন্স সেন্টার অবস্থিত তাহলে যোগাযোগ করুন

08000 32 32 30 নম্বরে কেন্ট চিলড্রেন্স এন্ড ফ্যামিলিস্ ইনফরমেশন সার্ভিসে (Kent Children & Families Information Service) ফোন করুন

বা ই-মেইল করুন childrenscentres@kent.gov.uk

www.kent.gov.uk/childrenscentres

এবং

www.kentchildrenscentres.org.uk

এই তথ্যপত্রটি অন্য ভাষাতেও এবং ফর্ম্যাতেও পাওয়া যাবে।

মুদ্রণের সময় পর্যন্ত এই তথ্যপত্রে দেওয়া তথ্যাবলী ও পরামর্শ নির্ভুল ও সঠিক ছিল। রেফারেন্স :
cc/03/09